গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
**বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম**
চিড়িয়াখানা রোড, মিরপুর-১
ঢাকা-১২১৬
www.bnh.gov.bd

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

## বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ইনোভেশন কার্যক্রম অগ্রগতির উপর আয়োজিত পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ রাশেদুল হাকিম, প্রোগ্রামার ও ইনোভেশন অফিসার, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।
সভার তারিখ : ০৫ জানুয়ারি ২০২১ খ্রি. সকাল ১১.০০ টা ।
স্থান : লাইব্রেরী কক্ষ, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার শুরুতে সকল সদস্যকে অবহিত করেন যে, গত ২৬ আগস্ট ২০২০ তারিখের ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত 'ক) হারবেরিয়াম অফিসে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন করা' এর কার্যক্রম পরিচালক মহোদয়ের সক্রিয় নির্দেশনায় ইতিমধ্যে বাস্তবায়ন করা হয়েছে এবং সিদ্ধান্ত 'খ) হারবেরিয়াম প্রাঙ্গনে সিসিটিভি ক্যামেরা স্থাপন করা' এই ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে যা শীঘ্রই সম্পন্ন হবে বলে সকলকে অবহিত করেন। এরপর তিনি পর্যায়ক্রমে ইনোভেশনের বিষয়ভিত্তিক কার্যক্রম সভায় উপস্থাপনের জন্য ইনোভেশন কমিটির সদস্যদের অনুরোধ করেন। হারবেরিয়াম হারবেরিয়ামের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর উদ্দেশ্য, বিষয়ের মান, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক সূচকের মান ও লক্ষ্যমাত্রা প্রভৃতি বিষয়ের উপর আলোচনার ধারাবাহিকতায় হারবেরিয়ামের নাগরিক সেবাসমূহ চিহ্নিতকরণ, ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ, এ সম্পর্কিত প্রশিক্ষণের আয়োজনের ব্যবস্থা গ্রহণ, অগ্রাধিকার ভিত্তিতে কমপক্ষে ২টি সেবা সহজীকরণ যাতে সেবাগ্রহিতার সময়, খরচ ও ভিজিট সংখ্যা কমানো যায় সে সর্ম্পকে সকল সদস্য গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন।

সকল সদস্য ঐক্যমতের ভিত্তিতে হারবেরিয়াম কর্তৃক প্রদত্ত ১০ সেবা চিহ্নিত করেন যা নিম্নরূপ :

১। উদ্ভিদ নমুনা সনাক্তকরণ
২। উদ্ভিদ নমুনার এক্সেসেশন নম্বর প্রদান
৩। হারবেরিয়াম পরিদর্শন ও গবেষণা অনুমতি প্রদান
৪। হারবেরিয়াম স্পেসিমেন এর লোন প্রদান
৫। উদ্ভিদ বৈচিত্র্য বিষয়ক তথ্য ও বৈজ্ঞানিক পরামর্শ প্রদান
৬। হারবেরিয়াম প্রকাশনা বিক্রয় অনুমোদন
৭। ট্যাক্সোনমিক রেফারেন্স বইয়ের ফটোকপি প্রদান
৮। ই- হারবেরিয়াম টেকনিকস্ এর উপর প্রশিক্ষণ প্রদান
৯। উদ্ভিদ শ্রেণীতত্ত্ব বিষয়ে উচ্চতর গবেষণায় সহায়তা প্রদান
১০। সরকারি/বেসরকারী প্রতিষ্ঠানকে উদ্ভিদ বৈচিত্র্য বিষয়ক কারিগরী সেবা প্রদান

২। এই ১০টি সেবার মধ্য থেকে অগ্রাধিকার ভিত্তিতে ৩টি সেবা যথা: ১। উদ্ভিদ নমুনা সনাক্তকরণ ও ২। উদ্ভিদ নমুনার এক্সেসেশন নম্বর প্রদান ও ৩। হারবেরিয়াম পরিদর্শন ও গবেষণা অনুমতি প্রদান - ইনোভেশন কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে বিএনএইচ মোবাইল অ্যাপ্সের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং পাশাপাশি এই ৩টি সেবার কার্যক্রম ডেক্সটপ/ল্যাপটপ কম্পিউটার এর মাধ্যমেও কিভাবে প্রদান করা যায় সে ব্যাপারে কম্পিউটার বেইজড এপ্লিকেশন প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সকলে ঐক্যমত প্রকাশ করেন। এ পরিকল্পনার আলোকে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়া ও বাস্তবায়নে সকলে ঐক্যমত পোষণ করেন।

৩। সিদ্ধান্তসমূহ :

ক) ইনোভেশন কার্যক্রমের আওতায় গৃহীত ৩টি সেবা কার্যক্রম যথা : ১। দেশীয় উদ্ভিদ নমুনা সনাক্তকরণ, ২। উদ্ভিদ নমুনার এক্সেসেশন নম্বর প্রদান ও ৩। হারবেরিয়াম পরিদর্শন ও গবেষণা অনুমতি প্রদান - সহজীকরণ ও বাস্তবায়নে মোবাইল অ্যাপস তৈরীর এবং কম্পিউটার বেইজড এপ্লিকেশন প্রস্তুতের অগ্রগতি সফটওয়ার কোম্পানীর সাথে ফলোআপের মাধ্যমে বাস্তবায়ন করা;

খ) হারবেরিয়ামে ইনোভেশন কার্যক্রমের উপর কমপক্ষে ১ দিনের প্রশিক্ষনের আয়োজন করা;

সভায় আর কোন বিষয় অন্তর্ভূক্তি না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৫/০১/২০২১

(মোহাম্মদ রাশেদুল হাকিম)
প্রোগ্রামার ও ইনোভেশন অফিসার,
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

**বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম**

চিড়িয়াখানা রোড, মিরপুর-১,
ঢাকা-১২১৬
www.bnh.gov.bd

তারিখ : ০৭ জানুয়ারি ২০২১

## ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভায় সদস্যগণের উপস্থিতি তালিকা

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ইনোভেশন কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা সভায় সদস্য হিসেবে অদ্য ০৭/০১/২০২১ খ্রি: সকাল ১১:০০ ঘটিকায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা।

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১. | মাহমুদা আখতার উর্ধ্বতন আর্টিস্ট কাম ইলাস্ট্রেটর | 01726787878 | [signature] 07/01/2021ইং |
| ২. | নাইমুঃ ওহাব উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উপ-পরিচালক (চ. দা.) | 01913 231675 | [signature] 7.1.21 |
| ৩. | [illegible] ইসলাম উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | 01718257045 orchidcu-islam@gmail.com | [signature] 07.01.21 |
| ৪. | রোখসানা খানম সিনিয়র লাইব্রেরিয়ান | 01610012340 rokhsanak275@gmail.com | RKhanam 07.01.2021 |
| ৫. | শেখ মো: আহসান হাবীব সি: হার্বেরিয়াম টেকনিশিয়ান | 01716591352 bnhahsan.habib@gmail.com | [signature] 07/01/2021 |
| ৬. | | | |
| ৭. | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
**বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম**
চিড়িয়াখানা রোড, মিরপুর-১
ঢাকা-১২১৬
www.bnh.gov.bd

নং-বান্যাহা-প্রশা:(ইনোভেশন)/২০২১/১১(ক) তারিখ : ৫ জানুয়ারি ২০২১

## সভার নোটিশ

বিষয়: **বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা সভা।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের উদ্ভাবনী (Innovation) উদ্যোগসমূহের অগ্রগতি বিষয়ক এক পর্যালোচনা সভা আগামী ০৭/০১/২০২০ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় হারবেরিয়ামের লাইব্রেরী কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় হারবেরিয়ামের পরিচালক মহোদয়ের অনুমতিক্রমে সভাপতিত্ব করবেন মোহাম্মদ রাশেদুল হাকিম, ইনোভেশন অফিসার ও প্রোগ্রামার, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

উক্ত সভায় হারবেরিয়ামের ইনোভেশন টিমের সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫/০১/২১
(মোহাম্মদ রাশেদুল হাকিম)
ইনোভেশন অফিসার ও প্রোগ্রামার,
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম

**বিতরণঃ**

১। জনাব মাহমুদা আকতার, সদস্য, ইনোভেশন টিম ও উর্ধ্বতন আর্টিষ্ট-কাম-ইলাস্ট্রেটর, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
২। জনাব নাইমুর রহমান, সদস্য, ইনোভেশন টিম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও উপ-পরিচালক (প্রশা:) অতি. দায়িত্ব, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৩। জনাব খন্দকার কামরুল ইসলাম, সদস্য, ইনোভেশন টিম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৪। জনাব মো: নাজমুল কবীর, সদস্য, ইনোভেশন টিম, সহকারী পরিচালক (প্রশা:), বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৫। জনাব শাহ্ মো: আহসান হাবীব, সদস্য, ইনোভেশন টিম, সিনিয়র হার্বেরিয়াম টেশনিশিয়ান, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৬। বেগম রোখসানা খানম, সদস্য, ইনোভেশন টিম, সহকারী লাইব্রেরীয়ান, বান্যাহা, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা।
৭। অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে :**

১। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, ঢাকা।

RKhanam

C:\Users\Rashed\Desktop\Innovation\Innovation_2019Meeting Notice.doc